মিরপুর উপজেলাকে গৃহহীন ও ভূমিহীন মুক্ত এলাকা হিসেবে ঘোষণা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলায় আরো ৪৬টি ভূমিহীন-গৃহহীন পরিবার ঘর পেয়েছেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে আশ্রয়ন প্রকল্প-২ এর তৃতীয় ও চতুর্থ পর্যায়ে নির্মিত এসব ঘর এবং বন্দোবস্তকৃত জমির কাগজপত্র উপকারভোগি পরিবারের কাছে হস্তান্তর করা হয়।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের ৭টি জেলা এবং ১৫৯টি উপজেলাকে গৃহহীন ও ভূমিহীন মুক্ত এলাকা হিসেবে ঘোষণা করেন। এর ফলে গৃহহীন ও ভূমিহীনমুক্ত জেলার মোট সংখ্যা নয়টি এবং উপজেলার সংখ্যা ২১১টি।
গতকাল বুধবার সকালে কুষ্টিয়ার মিরপুর উপজেলা পরিষদ মিলনায়তনে এক অনুষ্ঠানে ৪৬টি ভূমিহীন-গৃহহীন পরিবারের মাঝে ঘরের চাবি ও জমির মালিকানা দলিল হস্তান্তর করা হয়।

কুষ্টিয়ার জেলা প্রশাসক (ডিসি) মোহাম্মদ সাইদুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ঘরের চাবি ও জমির মালিকানা দলিল হস্তান্তর করেন।

এসময় তিনি বলেন, অন্ন-বস্ত্র, বাসস্থান, শিক্ষা- চিকিৎসা মানুষের মৌলিক অধিকার। বর্তমান সরকার মানুষের শিক্ষা-চিকিৎসা দেয়ার পাশাপাশি বাসস্থান গড়ে দিয়েছে, যা অনেক উন্নত রাষ্ট্র দিতে পারেনি। এতোদিন যাদের ঠিকানা ছিল গাছের তলায়। কিংভা ক্যানেলের ধারে। এখন তারা স্থায়ীভাবে বসবাসের সুযোগ পেয়ে খুশি আশ্রয়ণ-২ প্রকল্পবাসী। এছাড়া ঘরের পাশাপাশি মাছ চাষের জন্য খাল ও সবজির চাষে জন্য জমি পেয়ে জীবনই বদলে গেছে তাদের। ঘর পেয়ে আবেগে আপ্লুত হয়েছে অনেকেই।

তিনি বলেন, ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের মত একটি মহতী উদ্যোগ বাস্তবায়নে সরাসরি সম্পৃক্ত করায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অসংখ্য